গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পরিকল্পনা-১ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০৯৩.০১৪.০১.০০.১০৮.২০১৪-৪৪৪

তারিখঃ ১৬ আষাঢ় ১৪২৭
৩০ জুন ২০২০

বিষয়ঃ "বৃহত্তর পাবনা ও বগুড়া জেলার গ্রামীণ অবকাঠামো উন্নয়ন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি প্রসঙ্গে

সূত্রঃ ১) এনইসি, একনেক ও সমন্বয় অনুবিভাগের স্মারক নং-২০.০০.০০০০.৮০৩.০৬.০১০.১৯.৫৪; তারিখ: ২৭/০৫/২০২০
২) কার্যক্রম বিভাগের স্মারক নং-২০.০৬.০০০০.৬১২.০০.১৩৮.২০২০/৮৯(৭); তারিখ: ২২/০৬/২০২০।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ অর্থ বছরের এডিপি অনুমোদনকালে গত ১৯ মে ২০২০ তারিখে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের (এনইসি) সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

"অনুমোদিত ডিপিপি/আরডিপিপি অনুযায়ী জুন ২০২০-এ মেয়াদোত্তীর্ণ ৪২২টি প্রকল্প ২০২০-২১ অর্থ বছরের প্রস্তাবিত এডিপিতে অন্তর্ভুক্ত করা হল এবং মেয়াদ এক বছর বৃদ্ধি করা হল; এ বিষয়ে পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ হতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে"

০২। এমতাবস্থায়, এনইসি সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে এবং কার্যক্রম বিভাগের সূত্রস্থ স্মারকমূলে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "বৃহত্তর পাবনা ও বগুড়া জেলার গ্রামীণ অবকাঠামো উন্নয়ন (১ম সংশোধিত)" প্রকল্পের মেয়াদকাল ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে জুলাই ২০১৫ হতে জুন ২০২০ এর স্থলে ০১ (এক) বছর বৃদ্ধিপূর্বক জুলাই ২০১৫ হতে জুন ২০২১ পর্যন্ত নিম্নোক্ত শর্ত প্রতিপালন সাপেক্ষে পুনঃ নির্ধারণ করা হলোঃ

ক) প্রকল্পের সময়ভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক নিবিড় পরিবীক্ষণের মাধ্যমে বর্ধিত মেয়াদের মধ্যে প্রকল্পটি সমাপ্ত করতে হবে;

খ) প্রকল্পটি সমাপ্ত করতে এডিপিতে প্রদত্ত বরাদ্দের অতিরিক্ত অর্থের প্রয়োজন হলে প্রাপ্যতা অনুসারে অতিরিক্ত বরাদ্দের প্রস্তাব অর্থ বছরের শুরুতে এ বিভাগে প্রেরণ করতে হবে।

৩০/০৬/২০২০

(মুহাম্মদ আমিন শরীফ)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯৫৭৮০১২
planning1.lgd@gmail.com

বিরতণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
৩। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫। অতিরিক্ত সচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। প্রধান, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৭। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৮। প্রধান, এনইসি ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৯। যুগ্ম-প্রধান, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণায়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, সিজিএভবন (৫ম তলা) সেগুনবাগিচা, ঢাকা।
৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।